



নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টা:-৫০,০০০-৭১,২০০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রারের অফিসের ১(এক)টি শূন্য ডেপুটি রেজিস্ট্রার পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ এবং সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ স্নাতকোত্তর পাশ হতে হবে। শিক্ষা জীবনে কোন স্তরেই কোনভাবে ৩য় বিভাগ (জিপিএ/সিজিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম) গ্রহণ যোগ্য নয়। প্রার্থীকে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে অফিসার পদে ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতকোত্তর যোগ্যতাসহ ১০ (দশ) বছর অথবা স্নাতক (সম্মান) যোগ্যতাসহ ১২ (বারো) বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ছয় মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার (যদি থাকে) সনদপত্রসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮(আট) সেট দরখাস্ত আগামী ১৬-০৪-২০২৫ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাতে হবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।